

ঈশ্বরগঞ্জে প্রাক-প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা প্রবেশপত্রে কর্মরত শিক্ষকের ছবি

ঈশ্বরগঞ্জ প্রতিনিধি •
ময়মনসিংহের ঈশ্বরগঞ্জে আগামী ৩০
অক্টোবর অনুষ্ঠিত হতে যাওয়া প্রাক-
প্রাথমিকের সহকারী শিক্ষক পদে
আবেদনকারীর নামে প্রবেশপত্রে
কর্মরত শিক্ষকের ছবি থাকায়
তোলপাড় শুরু হয়েছে। গতকাল
মঙ্গলবার স্থানীয়রা বিষয়টি উপজেলা
শিক্ষা কর্মকর্তাকে অবহিত করে। এতে
তিনি তাত্ক্ষণিক গুই শিক্ষককে
জিজ্ঞাসাবাদ করলে এ ঘটনায় তার
স্বশ্রিতা নেই বলে দাবি করেন।
জানা যায়, গুই প্রবেশপত্রে
আবেদনকারীর নাম শফিকুল ইসলাম
ভূঞা, পিতা মো. ইয়াকুব আলী ভূঞা,
মাতা হামিদা বেগম, রোল নং-
১৭৯৫৯, কেন্দ্র-ময়মনসিংহ
ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়,
তারিখ ৩০ অক্টোবর, সময় সকাল
১০টা উল্লেখ রয়েছে। আর
প্রবেশপত্রের ছবি রয়েছে উপজেলার
৮০নং গাবরবোয়ালী প্রাথমিক
বিদ্যালয়ের সহকারী শিক্ষক মো.
মুলতানউদ্দিনের। বিষয়টি নিশ্চিত
করেছেন উপজেলা শিক্ষা কর্মকর্তা
মো. আলী সিদ্দিক।